গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়,কুষ্টিয়া।
(স্থানীয় সরকার শাখা)
www.dckushtia.gov.bd

দরপত্র বিজ্ঞপ্তি

কুষ্টিয়া জেলার ০৬ টি উপজেলার ৬৬০ জন গ্রামপুলিশের (দফাদার ও মহল্লাদার) ২০২৪-২৫ অর্থবছরে পোশাক ও অন্যান্য সরঞ্জামাদি সরবরাহের লক্ষ্যে পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন পোশাক ও অন্যান্য সরঞ্জামাদি প্রস্তুতকারী/সরবরাহকারী ঠিকাদারের নিকট হতে শর্তসাপেক্ষে সিলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রমিক নম্বর	বিবরণ	বিস্তারিত তথ্য
১.	মন্ত্রণালয়/বিভাগের নাম	স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
২.	দরপত্র আহবানকারী প্রতিষ্ঠান	জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া।
৩.	সংগ্রহকারী	জেলা প্রশাসক, কুষ্টিয়া।
৪.	কার্যক্রম	২০২৪-২০২৫ অর্থবছরে কুষ্টিয়া জেলার ০৬টি উপজেলার ৬৬০ জন গ্রামপুলিশের (দফাদার-মহল্লাদার) পোশাক ও অন্যান্য সরঞ্জামাদি সরবরাহ
৫.	সংগ্রহ পদ্ধতি	উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM)
৬.	দরপত্র আহবানের সূত্র	ইউপি-২ শাখা, স্থানীয় সরকার বিভাগের ১৬ অক্টোবর, ২০২৪ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.০২.০০১.১৭(অংশ-২)-১৫২৭ নম্বর স্মারক।
৭.	অর্থ সংগ্রহের উৎস ও বরাদ্দের কোড	২০২৪-২০২৫ অর্থবছরের অনুন্নয়ন বাজেটের মঞ্জুরী নং-৩৪ হিসাবের খাত নং-১৩৭০১০১/১২০০০১৩০৮/৩৬৩১১০৩
৮.	দরপত্র বিক্রয় ও দরপত্র গ্রহণকারী প্রতিষ্ঠানের নাম	ক) বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা। খ) স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া। গ) পুলিশ সুপারের কার্যালয়, কুষ্টিয়া।
৯.	দরপত্র বিক্রয়ের তারিখ ও সময়	১৫ ডিসেম্বর, ২০২৪ হতে ০৮ জানুয়ারি, ২০২৫ তারিখ পর্যন্ত (অফিস চলাকালীন সময়ে)
১০.	দরপত্র দাখিলের তারিখ ও সময়	০৯ জানুয়ারি, ২০২৫ তারিখ সকাল ৯:০০ ঘটিকা হতে দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত।
১১.	দরপত্র খোলার তারিখ ও সময়	০৯ জানুয়ারি, ২০২৫ তারিখ বিকাল ৪:০০ ঘটিকা। উপপরিচালক, স্থানীয় সরকার, কুষ্টিয়া এর অফিস কক্ষে দরদাতা/দরদাতা কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির সম্মুখে (যদি কেউ থাকেন)
১২.	সিডিউল মূল্য	নগদ ২,০০০/-(দুই হাজার) টাকা মাত্র (অফেরতযোগ্য)
১৩.	কার্যাদেশ সম্পাদনের সময়	সরবরাহ আদেশ প্রাপ্তির ৬০(ষাট) দিনের মধ্যে
১৪.	কাজের বিবরণ	দফাদার ৬৬ জন (পুরুষ), মহল্লাদার ৫৯৪ জন (পুরুষ ৫৫৮ জন ও মহিলা ৩৬ জন) সর্বমোট=৬৬০ জন গ্রাম পুলিশের পোশাক ও অন্যান্য সরঞ্জামাদি সরবরাহ

পোশাক ও অন্যান্য সরঞ্জামাদির বিবরণ

ক্রমিক নম্বর	পোশাক ও অন্যান্য সরঞ্জামাদি	পরিমাণ
১.	উন্নতমানের ব্লু রং এর কাপড়ের ফুল শার্ট (শার্টের বুকের উপর ঢাকনাযুক্ত দুটি পকেটসহ দু'কাধের উপর দুটি সোল্ডার ফিতা)	৬২৪ টি
২.	উন্নতমানের ব্লু রং এর কাপড়ের হাফ শার্ট (শার্টের বুকের উপর ঢাকনাযুক্ত দুটি পকেটসহ দু'কাধের উপর দুটি সোল্ডার ফিতা)	৬২৪ টি
৩.	উন্নতমানের ব্লু রং এর কাপড়ের ফুল প্যান্ট (পার্শ্ব পকেট ০২টি ও পেছনে পকেট ০২টি)	১২৪৮ টি
৪.	উন্নতমানের ব্লু রং এর শাড়ি	৭২ টি
৫.	উন্নতমানের ব্লু রং এর কাপড়ের ব্লাউজ	৭২ টি
৬.	উন্নতমানের ব্লু রং এর কাপড়ের পেটিকোট	৭২ টি
৭.	সোল্ডার ব্যাচ (দফাদার) ৬৪ জন দফাদারের সোল্ডার ব্যাচ লাল রংয়ের, Four Pointed Cross খাকি কালার, Four Pointed Cross এর মধ্যে দোয়েল, আকাশি রং এর রিবন এবং গ্রাম পুলিশ লেখাটি সাদা রং এর হবে।	৬৪ জোড়া
	সোল্ডার ব্যাচ (মহল্লাদার) ৫৭২ জন মহল্লাদারদের সোল্ডার ব্যাচ লাল রংয়ের, আকাশি রং এর রিবন এবং গ্রাম পুলিশ লেখাটি সাদা রং এর হবে।	৫৯৪ জোড়া
৮.	উন্নতমানের নাইলন বেল্ট জনপ্রতি (পুরুষ+মহিলা)	৬৬০ টি
৯.	উন্নতমানের মোজা (১ জোড়া)	৬৬০ জোড়া
১০.	উন্নতমানের কাপড়ের জুতা (১ জোড়া)	৬৬০ জোড়া
১১.	মাথার ক্যাপ মনোগ্রামসহ	৬৬০ টি
১২.	জ্যাকেট	৬২৪ টি
১৩.	উলের জামা	৬২৪ টি
১৪.	মহিলাদের জন্য কার্ডিগান	৭২ টি

দরপত্রের শর্তাবলীঃ

১। দরপত্র দাতাকে বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে একক চুক্তিতে ৩০,০০,০০০/-(ত্রিশ লক্ষ) টাকা মূল্যমানের বিজিবি/পুলিশ/আনসার ও ভিডিপি/গ্রাম পুলিশ অথবা সরকারি/স্বায়ত্তশাসিত/ বেসরকারি পর্যায়ে পোশাক ও সরঞ্জামাদি সরবরাহের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

২। দরপত্র দাতার হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট পরিশোধের কাগজপত্র, আয়কর পরিশোধের সার্টিফিকেট ও জাতীয় পরিচয়পত্র দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৩। দরপত্র দাতার হালনাগাদ ২৫,০০,০০০/-(পঁচিশ লক্ষ) টাকার ব্যাংক তারল্যের সনদ থাকতে হবে।

৪। দরপত্রে উদ্ধৃত দরের ৩%(তিন) অর্থ যে কোনো রাষ্ট্রায়ত্ত ব্যাংকে জেলা প্রশাসক, কুষ্টিয়ার অনুকূলে জমা প্রদানপূর্বক জামানত বাবদ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৫। দরপত্রে বর্ণিত প্রতিটি দফার নমুনা ০১(এক)টি করে দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৬। PPR-2008 মোতাবেক দরপত্র দাতাকে যোগ্য হতে হবে এবং দরপত্রের শর্তানুযায়ী দরপত্র দাখিল করতে হবে।

৭। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বা ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তার উপস্থিতিতে প্রত্যেক গ্রাম পুলিশের পোশাক ও জুতার মাপ সরেজমিনে গ্রহণকরতঃ পোশাক ও সরঞ্জামাদি সরবরাহ করতে হবে এবং পোশাকের কাপড়সহ সরঞ্জামাদি সরবরাহকৃত নমুনার সাথে মিল থাকতে হবে।

৮। সকল পোশাক ও অন্যান্য সরঞ্জামাদি সর্বপ্রথম জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়ায় দাখিল করতে হবে। অতঃপর সরবরাহকৃত পোশাক ও সরঞ্জামাদির গুণগত মান মূল্যায়ন কমিটি কর্তৃক যাচাইঅন্তে সন্তোষজনক বিবেচিত হলে এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদিত হলে সরবরাহকারীকে নিজ খরচে জেলার সকল ইউনিয়ন পরিষদে পৌছাতে হবে এবং উক্ত মালামাল গ্রহণপূর্বক ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সচিবের প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে দরপত্র আহবানকারীর কার্যালয়ে দাখিল সাপেক্ষে বিল গ্রহণ করতে হবে।

৯। কার্যাদেশ প্রদানের ৬০(ষাট) দিনের মধ্যে সমুদয় পোশাক এবং সরঞ্জামাদি সরবরাহ করতে হবে। ব্যর্থতায় জামানত বাতিল বলে গণ্য হবে।

১০। সরবরাহকৃত পোশাক এবং সরঞ্জামাদির মোট মূল্য হতে প্রচলিত হারে ভ্যাট এবং আয়করসহ সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য পাওনাদি কর্তন করা হবে।

১১। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে বরাদ্দ প্রাপ্ত অর্থের মধ্যে ক্রয়যোগ্য যেকোনো আইটেম সংযোজন/বিয়োজন এবং মালামালের পরিমাণ/সংখ্যা হ্রাস/বৃদ্ধি করতে পারবেন। তাতে দরদাতা কোন আপত্তি করতে পারবেন না।

১২। পোশাক এবং সরঞ্জামাদি সরবরাহের কমপক্ষে ০৩(তিন) মাস পর সরবরাহকৃত মালামালের ত্রুটির বিষয়ে কোনো আপত্তি না পাওয়া গেলে তবেই জামানতের টাকা ফেরত প্রদান করা হবে।

১৩। দরপত্রে উল্লিখিত সকল আইটেমের মূল্য অংকে ও মোট মূল্য অংকে এবং কথায় স্পষ্টাক্ষরে লিখতে হবে। কোনো ঘষামাজা/কাটাকটি সম্বলিত দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৪। দরপত্র অবশ্যই সিলমোহরকৃত খামে দাখিল করতে হবে।

১৫। NOA (Notification of Award) প্রাপ্তির ৩ (তিন) দিনের মধ্যে দরপত্রে উদ্ধৃত মূল্যের ১০% অর্থ Performance Security বাবদ জেলা প্রশাসক, কুষ্টিয়া এর অনুকূলে জমা দেওয়ার পর ৩০০/- (তিনশত) টাকা নন-জুডিশিয়াল স্ট্যাম্পে শর্ত মোতাবেক পোশাক ও অন্যান্য সরঞ্জামাদি সরবরাহ করা হবে মর্মে অঙ্গীকারনামা স্বাক্ষর করতে হবে।

১৬। দরপত্র সংক্রান্ত বিস্তারিত তথ্য, শর্তাবলি এবং কাপড়ের নমুনা নিম্নস্বাক্ষরকারীর অফিস (স্থানীয় সরকার শাখা) হতে জানা যাবে।

১৭। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন এবং এক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৮। দরপত্র বিজ্ঞপ্তিটি www.dckushtia.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

24.12.24

মো: তৌফিকুর রহমান
জেলা প্রশাসক
কুষ্টিয়া।
ফোন নং ০২৪৭৭৭-৮২৩০০

২৭ অগ্রহায়ণ, ১৪৩১

স্মারক নম্বরঃ ০০.৪০.৫০০০.০০৯.২০.০০২.২৪. ৪৩১ তারিখঃ----------------------

১২ ডিসেম্বর, ২০২৪

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।

৩। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা।

৪। পুলিশ সুপার, কুষ্টিয়া।

৫। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুষ্টিয়া।

৬। জেলা শিক্ষা অফিসার, কুষ্টিয়া।

৭। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, কুষ্টিয়া।

৮। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, কুষ্টিয়া।

৯। উপজেলা নির্বাহী অফিসার, কুষ্টিয়া সদর/কুমারখালী/খোকসা/মিরপুর/ভেড়ামারা/দৌলতপুর, কুষ্টিয়া।

১০। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কুষ্টিয়া (বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে প্রদর্শন করবেন)।

১১। জনাব মেরাজুল ইসলাম, দফাদার, বোয়ালিয়া ইউনিয়ন পরিষদ, দৌলতপুর, কুষ্টিয়া।
(বাংলাদেশ গ্রামপুলিশ বাহিনী কর্মচারী ইউনিয়নের কুষ্টিয়া জেলা প্রতিনিধি)।

১২। সম্পাদক, ...কুষ্টিয়া/ঢাকা। দরপত্র বিজ্ঞপ্তিটি তার পত্রিকায় বিজ্ঞপ্তি প্রাপ্তির ০৩(তিন) দিনের মধ্যে (ছুটির দিন ব্যতীত) পত্রিকার ভিতরের পাতায় ০৩ কলামে ১০ ফন্টে সিঙ্গেল স্পেসে সংক্ষিপ্ত পরিসরে ০১(এক) দিন প্রকাশ করে ০২(দুই) কপি বিল নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১৩। অফিস নোটিশ বোর্ড।

১২/১২/২৪
জেলা প্রশাসক
কুষ্টিয়া।